# Times Today BD

তৌহিদুল ইসলাম | জেলার খবর | 29 March, 2025

কক্সবাজারের চকরিয়ায় ট্রাক ও কারের মুখোমুখি সংঘর্ষে আবুল কালাম আজাদ (৪০) নামে এক ব্যক্তি নিহত হয়েছেন।

শনিবার (২৯ মার্চ) ভোর রাত ৩ টার দিকে কক্সবাজার চট্টগ্রাম মহাসড়কের চকরিয়া উপজেলার বরইতলি ইউনিয়নের বানিয়ারছড়া এলাকায় এ দুর্ঘটনা ঘটে বলে জানিয়েছেন, হারবাং হাইওয়ে থানার ইনচার্জ মো. আরিফুল আমিন।

নিহত আবুল কালাম আজাদ চট্রগ্রাম জেলার সাতকানিয়া পৌরসভার মৃত ফেরদৌস আহমেদের ছেলে এবং চট্রগ্রাম টেরি বাজারস্থ মোনালিসা শপিং মলের স্বত্বাধিকারী।

হারবাং হাইওয়ে থানার ইনচার্জ মো. আরিফুল আমিন বলেন, ৩ টার সময় কক্সবাজারগামী ট্রাক ও চট্রগ্রামগামী কার চকরিয়ার বরইতলি ইউনিয়নের বানিয়ারছড়া এলাকায় আসলে ট্রাক ও কার মুখোমুখি সংঘর্ষ হয়।এতে কারটি মুচড়ে যায়।পুলিশ স্থানীয়দের সহযোগিতায় কার থাকা ৩ জননকে আহত অবস্থা উদ্ধার করে চট্রগ্রাম মেডিকেল কলেজ হাসপাতালে পাঠানো হয়।সেখানে চিকিৎসাধীন অবস্থায় আবুল কালাম আজাদ নামে এক ব্যক্তির মৃত্যু হয়।অন্য ২ জন চট্রগ্রাম মেডিকেল কলেজ হাসপাতালে চিকিৎসাধীন অবস্থায় রয়েছে।

তিনি বলেন, কার ও ট্রাকটি পুলিশের হেফাজতে রাখা হয়েছে।ট্রাকের চালক পালাতক রয়েছে।নিহতের পরিবার থেকে লিখিত অভিযোগ করলে আইনানুগ ব্যবস্থা নেওয়া হবে।

সংঘর্ষ নিহত

© 2025 TimesToday. All Rights Reserved.

Generated on 27 June, 2025 01:52

URL: https://www.timestodaybd.com/public/countrywide/171775807